গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-কুমিল্লা

কর ভবন, নজরুল এভিনিউ, কান্দিরপাড়, কুমিল্লা।

www.taxeszonecomilla.gov.bd

নথি নং-কঃঅঃকুঃ/নিয়োগ/২০১৭-২০১৮/ ১২৩ তারিখঃ ১১-০৯-২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

কর অঞ্চল-কুমিল্লা এর অধীন ৩য় ও ৪র্থ শ্রেণীর নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্যে চট্টগ্রাম বিভাগের নিম্নের বিজ্ঞপ্তির ৬ নং কলামে বর্ণিত জেলার স্থায়ী নাগরিক/বাসিন্দাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

ক্রঃ নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
১	ব্যক্তিগত সহকারী	১(এক)টি	১১,০০০-২৬,৫৯০/-	ক) স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ; খ) সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে শর্টহ্যান্ড এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী ও লক্ষ্মীপুর।
২	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/কম্পিউটার অপারেটর	৭ (সাত) টি	১০,২০০-২৪,৬৮০/-	ক) স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ; খ) সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে শর্টহ্যান্ড এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	ঐ
৩	নোটিশ সার্ভার	১ (এক) টি	৮,২৫০--২০,০১০/-	এস,এস,সি বা সমমানের পরীক্ষায় পাশ এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	চট্টগ্রাম, কক্সবাজার ও ফেনী।

৫X৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, চার কপি)

আবেদন করার নিয়মাবলী/শর্তাবলীঃ

০১. নিম্মের ছক মোতাবেক নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র দাখিল/প্রেরণ করতে হবে।

চাকরির আবেদন ফরম

.

১	পদের নাম:					
২	বিজ্ঞপ্তির নম্বর:			তারিখ:		
৩	প্রার্থীর নাম:	বাংলায়:				
		ইংরেজিতে (বড় অক্ষরে)				
৪	জাতীয় পরিচয়পত্র নম্বর:					(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:					
৫	জন্ম তারিখ:			৬. জন্মস্থান (জেলা):		
৭	বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স:					
৮	মাতার নাম:					
৯	পিতার নাম:					
১০	ঠিকানা:	বর্তমান		স্থায়ী		
	বাসা ও সড়ক (নাম/নম্বর):					
	বাসা ও সড়ক (নাম/নম্বর):					
	গ্রাম/পাড়া/মহল্লা:					
	ইউনিয়ন/ওয়ার্ড:					
	ডাকঘর:					
	পোষ্টকোড:					
	উপজেলা:					
	জেলা:					
১১	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর		ই-মেইল (যদি থাকে)		
১২	জাতীয়তা:		১৩	জেন্ডার		
১৪	ধর্ম		১৫	পেশা:		
১৬	শিক্ষাগত যোগ্যতা					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড
১৭	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):					
১৮	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):					
১৯	কোটা (টিক দেন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী		
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)		
২০	চালান নম্বর:		তারিখ:			
	ব্যাংক ও শাখার নাম:					
২১	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়		

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ									প্রার্থীর স্বাক্ষর

০১. উল্লেখিত তথ্যাবলী সম্বলিত আবেদনপত্র আগামী ১৫-১০-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে **কর কমিশনার, কর অঞ্চল-কুমিল্লা,** বাড়ী নং-০০৪৫-১৯ কর ভবন, নজরুল এভিনিউ, কান্দিরপাড়, কুমিল্লা-৩৫০০ এর বরাবরে অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ে সংরক্ষিত বক্সে অথবা উক্ত ঠিকানায় 'সাধারণ ডাকযোগে' পৌছাতে হবে। **রেজিস্ট্রি ডাক/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।** অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত এবং এ সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। নির্দিষ্ট তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপিও গ্রহণযোগ্য হবে না।

০২. আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও কোটা (মুক্তিযোদ্ধা/মহিলা/এতিমখানা নিবাসী/ শারীরিক প্রতিবন্ধী/ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/ উপজাতি প্রার্থীদের) অবশ্যই স্পষ্টাক্ষরে লিখতে হবে। এছাড়া খামের উপরে আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লেখা সম্বলিত অব্যবহৃত ১০(দশ) টাকার ডাক টিকেট যুক্ত ৯.৫"x৪.৫" মাপের একটি খাম অবশ্যই আবেদন পত্রের সাথে পাঠাতে হবে।

০৩. ১৫-১০-২০১৭ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। এতিমখানা নিবাসী/ শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা কোটায় কেবলমাত্র চট্টগ্রাম বিভাগের সকল জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

০৫. আবেদপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সাম্প্রতিক কালের ৪ কপি পার্সপোট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

০৬. জনবল নিয়োগ সম্পর্কে সরকারের জারীকৃত সর্বশেষ পরিপত্র/নীতিমালা/আদেশ মোতাবেক সকল প্রকার কোটা নীতি সহ অন্যান্য নিয়মাবলী অনুসরণ করা হবে।

০৭. আবেদনপত্রের সহিত **উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন),** কর অঞ্চল-কুমিল্লা এর বরাবর কোড নং- ১-১১৪১-০১৩০-২০৩১ তে পরীক্ষা ফি বাবদ ব্যক্তিগত সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের জন্য ১০০ (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং নোটিশ সার্ভার পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে উক্ত চালানের মূল কপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।

০৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় ডাকা হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী সম্পর্কে আবেদনপত্রে প্রদত্ত বর্তমান ঠিকানায় জানানো হবে।

০৯. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

১২. বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূণ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা সহ এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং চাকুরীর আবেদন ফরম কর অঞ্চল-কুমিল্লার ওয়েবসাইট(www.taxeszonecomilla.gov.bd) পাওয়া যাবে।

১৪. যে সকল প্রার্থী পূর্বে প্রচারিত বিজ্ঞাপন সমূহের প্রেক্ষিতে আবেদন করেছেন তাদের নতুন ভাবে আবেদন করার প্রয়োজন নেই ।

বাপন চন্দ্র দাস
সহকারী কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-কুমিল্লা
এবং
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-কুমিল্লা